# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 06 May, 2025

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সহধর্মিণী ডা. জুবাইদা রহমান হাসপাতালে চিকিৎসাধীন মাকে দেখে ধানমন্ডিতে তার বাবার বাসভবন 'মাহবুব ভবনে' গেছেন।মঙ্গলবার (৬ মে) সন্ধ্যায় গুলশানে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বাসভবন 'ফিরোজা' থেকে একটি প্রাইভেটকারে স্কয়ার হাসপাতালে যান তিনি।সেখানে কয়েক ঘন্টা মায়ের সঙ্গে সময় কাটিয়ে মাহবুব ভবনে যান।

জোবাইদা রহমান স্কয়ার হাসপাতালে গেলে আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি  বিএনপির কর্মীসহ উৎসুক জনতা সেখানে ভিড় করেন। 'আমরা বিএনপি পরিবার'-এর আহ্বায়ক আতিকুর রহমান রুম্মন ঢাকা পোস্টকে বলেন, ডা. জোবায়দা রহমান মাহবুব ভবনে পৌঁছালে তার মা সৈয়দা ইকবাল মান্দ বানুর প্রতিষ্ঠিত 'সুরভী'-এর শিশুরা তাকে স্বাগত জানায়।তিনি আরও বলেন, ওনি এখানে কিছুক্ষণ থাকবেন।এরপর গুলশানের ফিরোজায় ফিরে যাবেন।

সমাজের অবহেলিত এবং সুবিধাবঞ্চিত শিশু-কিশোরদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে ১৯৭৯ সালে 'সুরভী' প্রতিষ্ঠা করেন সৈয়দা ইকবাল মান্দ বানু।গত ৪৬ বছরে প্রায় ২৮ লাখ শিশুকে শিক্ষা দিয়েছে এ প্রতিষ্ঠানটি।জোবাইদা রহমানের আগমনকে ঘিরে মাহবুব ভবনে বাড়ানো হয় নিরাপত্তা।ভবনের সামনের দেয়ালে কাঁটাতারের বেড়া বসানোর পাশপাশি লাগানো হয় সিসিটিভি ক্যামেরা।

দীর্ঘ ১৭ বছর পর মঙ্গলবার (৬ মে) সকাল ১০টা ৩৮ মিনিটে কাতারের আমিরের দেওয়া একটি বিশেষ রাজকীয় বিমানে শাশুড়ি খালেদা জিয়ার সঙ্গে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন ডা. জোবাইদা রহমান।

প্রসঙ্গত, ডা. জোবাইদার প্রয়াত পিতা রিয়ার অ্যাডমিরাল মাহবুব আলী খান ১৯৭৮ থেকে ১৯৮৪ সাল পর্যন্ত নৌবাহিনী প্রধান ছিলেন এবং এরশাদ সরকারের সময় যোগাযোগ ও কৃষিমন্ত্রীর দায়িত্ব পালন করেন।মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক জেনারেল এম এ জি ওসমানী তার চাচা।

হাসপাতাল জোবাইদা রহমান বিএনপি খালেদা জিয়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:59

URL: https://www.timestodaybd.com/politics/2062565534